



সৌদি আরবে কারখানায় আগুনে ১৬ নিহত বাংলাদেশি



ছবি: সংগৃহীত

সৌদি আরবের রাজধানী রিয়াদে একটি সোফা তৈরির কারখানায় ভয়াবহ অগ্নিকাণ্ডে অন্তত ১৬ বাংলাদেশি শ্রমিকের মৃত্যু হয়েছে। রোববার (৯ আগস্ট) আগুন লাগার পর কারখানাটিতে থাকা শ্রমিকদের মধ্যে এই হতাহতের ঘটনা ঘটে বলে প্রবাসী কল্যাণ সংশ্লিষ্ট সূত্র ও আন্তর্জাতিক গণমাধ্যমের প্রতিবেদনে জানা গেছে। স্থানীয় সূত্র ও প্রত্যক্ষদর্শীদের বরাতে জানা যায়, আগুন লাগার সময় কারখানাটির ভেতরে প্রায় ১৭ জন বাংলাদেশি শ্রমিক ছিলেন। হঠাৎ আগুন ছড়িয়ে পড়লে তারা ভেতরে আটকা পড়েন। পরে উদ্ধারকারীরা ঘটনাস্থলে গিয়ে তাদের উদ্ধারের চেষ্টা চালান।

নিহতদের অধিকাংশই নওগাঁর আত্রাই উপজেলার বাসিন্দা বলে সহকর্মীদের বরাতে জানা গেছে। তারা দীর্ঘদিন ধরে রিয়াদের ওই সোফা কারখানায় কাজ করছিলেন বলে স্থানীয় সূত্র জানিয়েছে।

আগুনের খবর পেয়ে সৌদি আরবের ফায়ার সার্ভিস ও উদ্ধারকারী দল দ্রুত ঘটনাস্থলে পৌঁছে আগুন নিয়ন্ত্রণে আনে। এরপর কারখানার ভেতরে আটকে পড়াদের উদ্ধারে অভিযান শুরু হয়।

রিয়াদে বাংলাদেশ দূতাবাসের পক্ষ থেকে নিহত বাংলাদেশিদের পরিচয় নিশ্চিত করার কাজ চলছে বলে সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে। নিহতদের নাম-পরিচয়সহ বিস্তারিত তথ্য যাচাই করা হচ্ছে।

উদ্ধার অভিযান পুরোপুরি শেষ না হওয়া এবং কয়েকজন শ্রমিক গুরুতর দক্ষ অবস্থায় থাকায় হতাহতের সংখ্যা আরও বাড়তে পারে বলে আশঙ্কা করা হচ্ছে।